

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর।
http://food.rangpurdiv.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নং: ১৩.০৮.০০০০.০১৪.৬৬.০৭৮.১১. ২০১৬

তারিখ: ২০/০৭/১৬

বিষয়: রংপুর বিভাগে জরুরিভিত্তিতে ২৫০০ লিটার পিরিমিফস মিথাইল (তরল) ৫০ ইসি ও ২০০০ কেজি এ্যালুমিনিয়াম ফসফাইড ট্যাবলেট এর চাহিদা/সরবরাহকরণ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর বিভাগের আরপিসি স্টোরে মজুতকৃত কীটনাশক প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ বিভাগে প্রতিমাসে প্রায় ২০০ কেজি এ্যালুমিনিয়াম ফসফাইড ট্যাবলেট এবং ১৭৫ লিটার পিরিমিফস মিথাইল (তরল) ৫০ ইসি খরচ হয়ে থাকে। ১৯/১১/২০১৮ তারিখের হিসাব অনুযায়ী এ বিভাগের জেলাধীন এলএসডি/সিএসডিসমূহে ২,০৪,১৪০ মেঃ টন চাল; ৭,০১৮ মেঃ টন গমসহ মোট ২,১১,১৫৮ মেঃ টন খাদ্যশস্য মজুত রয়েছে। আসন্ন আমন সংগ্রহ/১৮-১৯ এর আওতায় সংগৃহিত খাদ্য শস্যের মজুত বৃদ্ধি পাবে। বর্তমানে মজুতকৃত খাদ্যশস্য বিলি-বিতরণে কিছুটা সময় লাগবে। গুদামে মজুত খাদ্যশস্যের গুণগতমান অক্ষুণ্ন রাখার স্বার্থে প্রতিমাসে তরল কীটনাশক স্বেপ্ত করতে হয়। অন্যদিকে খাদ্যশস্য মজুত থাকায় প্রয়োজনে ফিউমিগেশন করতে হয়। তাই জরুরিভিত্তিতে এ বিভাগের অনুকূলে কমপক্ষে ২৫০০ লিটার তরল এবং ২০০০ কেজি ফিউমিগ্যান্ট কীটনাশক প্রয়োজন। অন্যথায়, কীটাক্রান্ত খাদ্যশস্যের গুণগতমান অবনতিসহ ক্ষয়ক্ষতির সম্ভাবনা থেকে যায়। তাই খাদ্যশস্যের গুণগতমান অক্ষুণ্ন রাখা এবং কীটমুক্ত রাখার লক্ষ্যে যথেষ্ট পরিমাণ কীটনাশক মজুত থাকা আবশ্যিক।

বর্ণিতাবস্থায়, রংপুর বিভাগে ২,১১,১৫৮ মেঃ টন মজুত খাদ্যশস্যের যথাযথভাবে কীট নিয়ন্ত্রণের জন্য জরুরি ভিত্তিতে নিম্নোক্ত ছকের ৪নং কলামে বর্ণিত ২৫০০ লিটার পিরিমিফস মিথাইল ও ২০০০ কেজি এ্যালুমিনিয়াম ফসফাইড সরবরাহ করার জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	কীটনাশকের নাম	আর.পি.সি. স্টোরে বর্তমানে মজুত	বিভিন্ন জেলায় মজুত	চাহিদার পরিমাণ	মন্তব্য
১	পিরিমিফস মিথাইল	৭০০ লিটার	৩১৭ লিটার	২৫০০ লিটার	১৯/১১/২০১৮ তারিখের মজুত অনুযায়ী
২	এ্যালুমিনিয়াম ফসফাইড	১১৪০ কেজি	৪৯২ কেজি	২০০০ কেজি	

প্রাপকঃ মহাপরিচালক,
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক,
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ,
খাদ্য অধিদপ্তর, ঢাকা।


(মোঃ রায়হানুল কারিম)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর।

ফোনঃ ০৫২১-৫২১৪০

email: rcf.rp@dgfood.gov.bd

২০/০৭/১৬